

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং: ৩৮.০১.০০০.৭০০.০১৪.৩৫.২২/টপ/২০১৬

২৬ পৌষ ১৪৩০
তারিখ: ৩০ ডিসেম্বর ২০২৩

অফিস আদেশ

চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি৪) এর আওতায় ১০টি পিটিআই ও ৭টি জেলা প্রাথমিক শিক্ষা অফিসে নতুন ভবন নির্মাণ কার্যক্রম চলমান রয়েছে। যে সকল পিটিআইতে নতুন একাডেমিক ভবন/হোস্টেল ভবন নির্মাণ এবং যেসকল ডিপিইও অফিসে নতুন ভবন নির্মাণ করা হচ্ছে, এ সকল নির্মাণ কাজ নিয়মিতভাবে মনিটরিং করার নিমিত্ত মাঠ পর্যায়ে নিয়োজিত কমিটি গঠন করা হলো। কমিটির গঠন ও কার্যপরিধি নিম্নরূপ:

কমিটির গঠন:

ক্রমিক নং	কর্মকর্তার নাম/পদবী	বিবরণ
১	জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সংশ্লিষ্ট জেলা	আহবায়ক
২	এলজিইডি প্রতিনিধি	সদস্য
৩	ডিপিএইচই প্রতিনিধি	সদস্য
৪	উপজেলা শিক্ষা অফিসার, সংশ্লিষ্ট সদর উপজেলা	সদস্য
৫	সুপরিনটেন্ডেন্ট, সংশ্লিষ্ট পিটিআই	সদস্য সচিব

কমিটির কার্যপরিধি:

- (ক) ডিজাইন ও প্রাঙ্গন অনুযায়ী নির্মাণ কার্যক্রম সম্পাদন করা হচ্ছে কিনা তা মনিটরিং করা;
- (খ) নির্মাণ কার্যক্রমে গুণগতমানের উপকরণ (রড, সিমেন্ট, বালু, ইট, পাথর ও অন্যান্য) ব্যবহার করা হচ্ছে কিনা তা মনিটরিং করা;
- (গ) ভবন নির্মাণের ক্ষেত্রে ব্যবহৃত রডের গুণগতমান নিশ্চিতকরণসহ টেস্টিং রিপোর্ট পর্যালোচনা করা;
- (ঘ) ভবনের ফাউন্ডেশন, পাইলিং এবং ছাদ ঢালাইয়ের দিনে কমিটির সদস্যবৃন্দ স্বশরীরে উপস্থিত থেকে গুণগত মান নিশ্চিত করা;
- (ঙ) দরজা, জানালা মেরামত অথবা স্থাপনের ক্ষেত্রে প্রাঙ্গনে উল্লিখিত কাঠসহ অন্যান্য উপকরণের গুণগতমান যাচাই করতে হবে। তাছাড়া বিভিন্ন ফার্নিচার (যেমন: টেবিল, চেয়ার, আলমারী, শেলফ, কেবিনেট, সোফা, ফ্যান, লাইট ইত্যাদি) সংখ্যা ও গুণগতমাণ মনিটরিং করা;
- (চ) কমিটির সদস্যগণ এককভাবে অথবা দলীয়ভাবে নির্মাণ কার্যক্রম মনিটরিং করতে পারবেন।
- (ছ) ভবনের ডিজাইন অবকাঠামো নির্মাণ সংক্রান্ত ম্যাটেরিয়াল-এর টেস্টিং রিপোর্ট, নির্মিত অবকাঠামোর আয়ুষ্ফল (Life Span) এর প্রত্যয়ন ইত্যাদি অফিসে সংরক্ষণ নিশ্চিত করবেন। এছাড়াও ভবনের নির্মাণ সম, ফাউন্ডেশন এবং টিকাদারী প্রতিষ্ঠানের নাম ইত্যাদির তথ্য ভবনের সাথে (এক পার্শ্বে) খোদাই করে লেখা আছে কিনা তা নিশ্চিত করবেন।
- (জ) কমিটি প্রতিমাসে এক বা একাধিক সভা করবেন এবং মাসিক মনিটরিং প্রতিবেদন প্রস্তুত করে সুনির্দিষ্ট মতামতসহ পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) বরাবর আবশ্যিক ভাবে প্রেরণ করতে হবে।
- (ঝ) কমিটি প্রয়োজনে এক বা একাধিক সদস্য কো-অপ্ট করতে পারবেন।

৫। উক্ত আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মোহাম্মদ মিজানুর রহমান
(পরিকল্পনা ও উন্নয়ন)
ফোন: ৫৫০৭৪৯৩৮

৩০/১২/২০২৩

বিতরণ (জে) ষ্টার্টিভিতে নয়):

- ১। প্রধান প্রকৌশলী, এলজিইডি, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
[প্রতিআকর্ষণ: জনাব মোঃ মাকসালীন, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি।]
- ২। পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
- ৩। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা (সকল).....বিভাগ।
- ৪। পি এস টু সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৫। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার(সকল),.....জেলা।
- ৬। পিটিআই সুপারিনেটেন্ডেন্ট (সকল),.....পিটিআই।
- ৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ৮। অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপি৪) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ৯। অফিস কপি।